

জেলা সমবায় কার্যালয়, নাটোর এর ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি এর আওতায় অভিযোগ প্রতিকার (GRS) বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর আওতায় অভিযোগ প্রতিকার বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভার কার্যবিবরণীঃ-

সভাপতি জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপ-সহকারী-নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, নাটোর।

সভার তারিখঃ ১৮/১২/২৩ খ্রিঃ।

সভার সময়ঃ বেলা ১২.০০ ঘটিকা।


স্থানঃ জেলা সমবায় কার্যালয়, নাটোর।

উপস্থিতিঃ হাজিরা শীট সংযুক্ত

জনাব মোঃ মোস্তাফিজুর রহমান, উপ-সহকারী নিবন্ধক, জেলা সমবায় কার্যালয়, নাটোর এর সভাপতিত্বে ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী অভিযোগ প্রতিকার (GRS) বাস্তবায়ন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর আওতায় অভিযোগ প্রতিকার বিষয়ে স্টেকহোল্ডারগণের সমন্বয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে আলোচ্যসূচী মোতাবেক বিষয়সমূহ উপস্থাপন করার জন্য অত্র কমিটির সদস্য জনাব মোঃ কুমারাইন মিন্টু, পরিদর্শক, জেলা সমবায় কার্যালয়, নাটোর কে নির্দেশ প্রদান করেন। তিনি সকলকে জানান যে, এ কার্যালয়ের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি ২০২৩-২৪ এ উল্লিখিত অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে অংশীজনের (Stakeholders) অংশগ্রহণে সভার আয়োজন করা হয়েছে। সভাপতি এ কার্যালয় এবং আওতাধীন উপজেলা সমবায় অফিসারের কার্যালয় ও জেলা সমবায় কার্যালয় হতে দাখিলকৃত অভিযোগ নিষ্পত্তিতে কতটা কার্যকর ভূমিকা রাখছে এবং এক্ষেত্রে কি ধরনের প্রতিবন্ধকতা পরিলক্ষিত হচ্ছে সে বিষয়ে সভার সকলকে সুচিত্রিত মতামত তুলে ধরার জন্য অনুরোধ জানান। এ বিষয়ে বিস্তারিত আলোচনান্তে নিম্নলিখিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

ক্রমিক	আলোচ্য বিষয় ও আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	অভিযোগ প্রতিকার : জেলা সমবায় অফিসার, নাটোর বলেন যে, সুশাসন প্রতিষ্ঠায় সকল নাগরিকের অংশগ্রহণের সুযোগ আরও বাড়াতে হবে। সরকার কর্তৃক গৃহীত নানাবিধ কার্যক্রমের ফলে সরকারি বিভিন্ন প্রয়োজনীয় তথ্য ও সেবাসমূহ জনগণের হাতের মুঠোয় পৌঁছানো সম্ভব হয়েছে। সরকারি প্রতিটি দপ্তরের ওয়েবপোর্টালে সংশ্লিষ্ট সেবা প্রদানকারীর তথ্য রয়েছে। অভিযোগ প্রতিকারের জন্য যে কোন সেবা প্রত্যাশী সংশ্লিষ্ট ব্যক্তির সাথে সরাসরি অথবা মোবাইলের মাধ্যমে কথা বলতে পারেন। ফলশ্রুতিতে সেবাগ্রহিতার সেবা প্রাপ্তির বিষয়ে কোন অভিযোগ থাকলে তা সহসাই নিরসন করা সম্ভব হয়।	১। সেবাগ্রহিতাদের ভোগান্তিবিহীন সেবা প্রদান নিশ্চিত করতে হবে। ২। অভিযোগ আসার সাথে সাথে তা দ্রুত প্রতিকারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	দপ্তর প্রধান (সকল উপজেলা সমবায় অফিস), নাটোর।
২.	অনিক ও আনিক সংক্রান্ত: সভায় উপস্থিত অনেকে প্রশ্ন করেন যে, অনিক ও আনিক কি? এ বিষয়ে জেলা সমবায় অফিসার বলেন যে, অনিক হচ্ছে অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা এবং আনিক হচ্ছে আপিল নিষ্পত্তিকারী কর্মকর্তা। কোন বিষয়ে অভিযোগ দাখিল হলে সে সম্পর্কে অভিযোগ নিষ্পত্তিকারী কর্মকর্তা কর্তৃক নিষ্পত্তির জন্য প্রদত্ত সিদ্ধান্ত যদি অভিযোগকারী সন্তোষ না হয় তাহলে সে আপিল কর্মকর্তার নিকট আপিল করতে পারবেন।	অত্র কার্যালয়সহ উপজেলা সমবায় কার্যালয়সমূহে কোন অভিযোগ দাখিল হলে তা তত্ত্বাবধানে রাখা হবে। অনিক ও আনিক নিষ্পত্তি করার দপ্তর, নাটোর। জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।	দপ্তর প্রধান (সকল উপজেলা সমবায় অফিস), নাটোর।

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


সভাপতি ১৮.১২.২৩

অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত কমিটি